# বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট

বিজিআইসি টাওয়ার, ৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০

## প্রেস বিজ্ঞপ্তি

**এইউএসটি’র শিক্ষার্থীদের নিয়ে বিআইসিএম এর বিনিয়োগ শিক্ষা প্রোগ্রাম অনুষ্ঠিত**

ঢাকা (২৯.০৭.২০২৬):



বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) আহছানউল্লা ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি (এইউএসটি)-এর শিক্ষার্থীদের নিয়ে ‘ইনভেস্টমেন্ট ইন ক্যাপিটাল মার্কেট’ শীর্ষক বিনিয়োগ শিক্ষা প্রোগ্রাম আয়োজন করেছে। আজ ২৯ জুলাই ২০২৬ তারিখ বিআইসিএম-এর মাল্টিপারপাস হলে এ বিনিয়োগ শিক্ষা প্রোগ্রাম অনুষ্ঠিত হয়।

বিনিয়োগ শিক্ষা প্রোগ্রামের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআইসিএম-এর নির্বাহী প্রেসিডেন্ট জনাব ওয়াজিদ হাসান শাহ। বিশেষ অতিথি ছিলেন এইউএসটি-এর স্কুল অব বিজনেস এর সহযোগী অধ্যাপক ড. নাজনীন সুলতানা চৈতী ও সহকারী অধ্যাপক জনাব মোঃ মাহফুজুর রহমান। এসময় বিআইসিএম-এর উপ-পরিচালক জনাব মোঃ সিরাজুল ইসলাম, এসিএস, প্রভাষক জনাব ইমরান মাহমুদ, প্রভাষক জনাব ফাইমা আক্তার, প্রভাষক জনাব গৌরব রায় ও এইউএসটি-এর স্কুল অব বিজনেস এর প্রভাষক জনাব আমিরুল ইসলাম উপস্থিত ছিলেন।

ইন্সটিটিউটের প্রভাষক জনাব ইমরান মাহমুদ, জনাব ফাইমা আক্তার ও জনাব গৌরব রায় বিনিয়োগ শিক্ষা প্রোগ্রামের বিভিন্ন সেশন পরিচালনা করেন।

বিআইসিএম নিয়মিতভাবে বিভিন্ন সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে পুঁজিবাজার ও আর্থিক বাজারসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন করে থাকে। এরই অংশ হিসেবে আজ এইউএসটি-এর শিক্ষার্থীদের নিয়ে এ আয়োজন করা হয়।

ধন্যবাদান্তে,

(মোহাম্মাদ আব্দুল্লাহিল ওয়ারিশ)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট
ফোনঃ ০১৭১৮-৭৬৯৮১২
ই-মেইলঃ oarish@bicm.ac.bd